বিশ্বকাপের আগে ওমানে যেতে চায় বাংলাদেশ দল

আয়োজক ভারত হলেও করোনার কারণে সংযুক্ত আরব আমিরাতে বসতে যাচ্ছে টি-টোয়েন্টি বিশ্বকাপের আসর।

আগামী অক্টোবরে শুরু হতে যাওয়া কুড়ি ওভারের ক্রিকেটের শ্রেষ্ঠত্বের টুর্নামেন্টের আগে অন্তত সপ্তাহখানেক সময় নিয়ে ওমানে গিয়ে ঘাঁটি গাড়তে চায় বাংলাদেশ ক্রিকেট দল।

এর পেছনে যথেষ্ট কারণ বিদ্যমান। মূল পর্ব শুরুর আগে আট দলকে নিয়ে হবে প্রথম রাউন্ড। যেখানে বি গ্রুপে বাংলাদেশের প্রতিপক্ষ ওমান, স্কটল্যান্ড ও পাপুয়া নিউগিনি।

আর স্বাগতিক ওমানের গ্রুপে থাকায় এই রাউন্ডে বাংলাদেশের সব ম্যাচ হয়তো খেলতে হবে ওমানেই। বিষয়টি আমলে নিয়ে বিশ্বকাপ শুরুর আগে ওমানে অন্তত এক সপ্তাহের একটি অনুশীলন ক্যাম্পের আয়োজন করতে চায় বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)।

জানা গেছে, সেই পরিকল্পনাকে এগিয়ে নিতে ওমান ক্রিকেট বোর্ডের সঙ্গে আলোচনাও করেছে বিসিবি।

এ বিষয়ে ক্রিকবাজকে বিসিবির ক্রিকেট অপারেশনস কমিটির চেয়ারম্যান আকরাম খান বলেছেন, ‘এখনও পর্যন্ত এটি স্রেফ আলোচনার পর্যায়েই রয়েছে। কিছুই চূড়ান্ত নয়। তবে যেটি চাচ্ছি, তাতে ওমান ইতিবাচক সাড়া দেবে বলে আশাবাদী আমরা। শিগগিরই জবাব দেবে ওমান ক্রিকেট বোর্ড।’

হোটেলে শৌচাগার পরিষ্কার

[redacted]

[redacted]

[redacted]

[

[redacted], [redacted] [redacted] ‘[redacted] [redacted] [redacted] [redacted]’

[redacted] [redacted] [redacted] [

দেখার সুযোগ নেই বলে জানান নিজামউদ্দিন চৌধুরী সুজন।

বলেন, ‘স্ট্যান্ডার্ড বায়ো বাবল প্রটোকলে আছে অস্ট্রেলিয়া। এই প্রটোকলের বাইরে অস্ট্রেলিয়া দল বাড়তি কিছু চাহিদার কথা জানিয়েছে, আমরা সেগুলো পূরণের চেষ্টা করেছি। এর বাইরে কিন্তু তেমন কিছু না। বিষয়টাকে অতিরঞ্জিত করে দেখার সুযোগ নেই। বর্তমান পরিস্থিতিতে আমাদেরকে এভাবেই ইভেন্টগুলো আয়োজন করতে হবে।’

অলিম্পিকে অংশ নিলেই যে অনন্য কীর্তি গড়বেন সানিয়া মির্জা

টোকিও অলিম্পিকে ম্যাটে নামলেই অনন্য এক কীর্তি গড়বেন ভারতীয় টেনিস তারকা সানিয়া মির্জা।

ADVERTISEMENT

চারটি অলিম্পিকে নামার রেকর্ড গড়বেন তিনি।

আগামীকাল (রোববার) অলিম্পিকে নারী দ্বৈত বিভাগে ইউক্রেনের বিপক্ষে মাঠে নামবেন সানিয়া।

এরইসঙ্গে ভারতের প্রথম মহিলা অ্যাথলেট হিসেবে অলিম্পিকের রেকর্ডবুকে নিজের নাম লেখাবেন।

এই রেকর্ড গড়ার বিষয়ে কিছুদিন আগে আনন্দবাজার পত্রিকাকে নিজের প্রতিক্রিয়া জানিয়েছিলেন সানিয়া মির্জা।

তিনি বলেছিলেন, ‘চারটা অলিম্পিকে নামার কথা কেউই ভাবতে পারে না। যখন খেলা শুরু করেছিলাম, তখন এই রেকর্ডের কথা ভাবনাতেও আসেনি। আসলে এটা সাধারণ কোনো অর্জন নয়। সহজ কিছু নয় আদৌ। আমার ক্ষেত্রে বিষয়টা আরও বেশি কঠিন ছিল। ছেলে ইজহান জন্ম নেওয়ার পর আমার জীবনযাত্রাই পাল্টে গেছে। আর মাঠে ফিরতে পারব কিনা শঙ্কায় পড়েছিলাম। আমি জানতামই না আবার কবে কোর্টে নামতে পারব। আর এখন অলিম্পিকে যাচ্ছি।’

সন্তান জন্মদানের পর টোকিও অলিম্পিকে খেলার কথা কল্পনাতেও ছিল না বলে জানান সানিয়া মির্জা।

টেনিসের ভারতীয় সুন্দরী বলেছিলেন, ‘তবে হ্যাঁ আবার কোর্টে ফিরব এই আত্মবিশ্বাসটা ছিল আমার। কিন্তু অলিম্পিকে খেলার কথা তখন মাথাতে আনিনি। এইতো কয়েক মাস আগে যখন অনুশীলন শুরু করলাম, তখনও অলিম্পিক নিয়ে ভাবিনি। কিন্তু তারপর যত দিন এগিয়েছে, তত মনে হয়েছে পারব। সেটাই পারলাম।’

তাসকিনের পর মিরাজের আঘাত

শুরুতেই আঘাত হেনেছেন পেসার তাসকিন। ম্যাচের প্রথম ওভারটি তাকে দিয়েই শুরু করেন অধিনায়ক তামিম।

আর প্রথম ওভারেই সাফল্য। ওভারের শেষ বলে ফিরিয়ে দিলেন ওপেনার কামুনহুকামুই । তাসকিনের অফ স্টাম্পের বাইরে শর্ট অব লেংথ বলটি ঠিকমতো কাট করতে পারেননি কামুনহুকামুই। পয়েন্টে দাঁড়ানো আফিফের হাতে ক্যাচ তুলে দিয়ে মাত্র ১ রানে বিদায় নিলেন।

এবার ঘূর্ণিবলে ভেলকি দেখালেন মেহেদী হাসান মিরাজ। তাসকিনের মতো তিনিও নিজের প্রথম ওভারে সাফল্য পেলেন। ভালোই খেলছিলেন ওপেনার মারুমানি। দুটি বাউন্ডারিও হাঁকিয়েছিলেন।

কিন্তু ইনিংসের পঞ্চম ওভারের পঞ্চম বলটি আর খেলতে পারলেন না। মিরাজের অফ স্পিনটি অ্যাঙ্গেলে ভেতরে ঢুকলে ক্রস ব্যাট চালান মারুমানি। ব্যাটে-বলে হয়নি । সোজা গিয়ে আঘাত হানে স্টাম্পে। এলোমেলো হয়ে যায় স্টাম্প।১৮ বলে ১৩ রানে থামলেন মারুমানি।

এর আগে ৭ ও ১১ রানে জীবন পেয়েছিলেন মারুমানি।

এ প্রতিবেদন লেখার সময় ৭ ওভার শেষে ২ উইকেট হারিয়ে জিম্বাবুয়ের সংগ্রহ ৩৪ রান। ব্যাট হাতে নেমেছেন অধিনায়ক ব্রেন্ডন টেলর। রেগিস চাকাভা ১৭ বল খেলে ১৭ রানে অপরাজিত

[redacted]

[redacted]

এদিকে বার্সেলোনা জেরুজালেমে খেলতে রাজি না হওয়ার বিষয়ে বিস্ময় প্রকাশ করেছেন বাইতার জেরুজালেমের মালিক মোসি হোগেস।

এক ফেসবুক পোস্টে তিনি বলেন, আগামী ৪ আগস্টের পরিকল্পিত ম্যাচটি বাতিল করতে বাধ্য হয়েছি। জেরুজালেমকে আমরা বয়কট করতে পারব না। যদি আপনি বাইতার জেরুজালেমের বিপক্ষে খেলতে চান, তবে তা জেরুজালেমেই হতে হবে। আমি একজন গর্বিত ইহুদি ও ইসরাইলি। আমি জেরুজালেমের সঙ্গে কোনো বিশ্বাসঘাতকতা করতে পারব না।

নিজেকে অবশ্য বার্সেলোনা ভক্ত বলেও দাবি করেন বাইতার জেরুজালেমের মালিক।

সূত্র-যুগান্তর

বাবর আজমকে সুখবর দিল আইসিসি

ইংল্যান্ড সফরে তিন ম্যাচের ওয়ানডে সিরিজে হোয়াইটওয়াশ হয়ে কঠোর সমালোচনার মুখে পড়েছে বাবর আজমের নেতৃত্বাধীন পাকিস্তান ক্রিকেট দল।

সিরিজের প্রথম দুই ওয়ানডেতে প্রত্যাশিত পারফরম্যান্স করতে পারেননি অধিনায়ক বাবর। প্রথম ম্যাচে শূন্য রানে আউট হওয়া পাকিস্তানের এ অধিনায়ক দ্বিতীয় ওয়ানডেতে ফেরেন মাত্র ১৯ রানে।

তবে হোয়াইটওয়াশ এড়ানোর ম্যাচে ক্যারিয়ারসেরা ১৫৮ রানের ইনিংস খেলেন বাবর আজম।

অনবদ্য এই ইনিংস খেলার পর আইসিসির সুখবর পেলেন বাবর। আইসিসির ওয়ানডে ব্যাটসম্যানদের র্যাংকিংয়ে ক্যারিয়ারসেরা ৮৭৩ রেটিং পয়েন্ট নিয়ে শীর্ষস্থান আরও মজবুত করেছেন তিনি।

৮৫৭ ও ৮২৫ রেটিং পয়েন্ট নিয়ে দ্বিতীয় এবং তৃতীয় পজিশনে আছেন ভারতীয় অধিনায়ক বিরাট কোহলি ও তারকা ওপেনার রোহিত শর্মা।

[redacted]

[redacted]

মুস্তাফিজুর রহমান, তাইজুল ইসলাম ও নুরুল হাসান সোহান।

জিম্বাবুয়ে: ফারাজ আকরাম, রায়ান বার্ল, সিকান্দার রাজা, চামু চিবাবা, টেন্ডাই চিসোরো, তানাকা চিভাঙ্গা, তিনাশে কামুনহুকামওয়ে, ওয়েসলে মাধেভেরে, টিমিসেন মারুমা, তাদিওয়ানাশে মারুমানি, ওয়েলিংটন মাসাকাদজা, রিচমন্ড মুতুম্বামি, ভিক্টর নিয়াউচি, ডিওন মেয়ার্স।

বাইশ গজে ঝড় তুললেন গেইল, ছক্কাবৃষ্টিতে উড়ে গেল অস্ট্রেলিয়া

‘গেইল কেন অবসর নিচ্ছেন না’, এমন প্রশ্ন যারা করছেন তাদের মুখে আবারও চটেপাঘাত। ৪১ বছর বয়সী গেইল বুঝিয়ে দিলেন তিনি এখনও ফুরিয়ে যাননি। ক্রিকেটকে দেওয়ার মতো তার উইলোতে বহু কিছু এখনও গচ্ছিত রয়ে গেছে।

আজ সেন্ট লুসিয়ায় অস্ট্রেলিয়া- ওয়েস্ট ইন্ডিজ ম্যাচ যারা দেখেছেন তারা অত সহজে ভুলতে পারবেন না গেইল ঝড়। তার ছক্কাবৃষ্টি বেশ কয়েকটি রেকর্ড ভেঙে চুরমার করে দিয়েছে।

আগের দুই ম্যাচের মতো আজও অস্ট্রেলিয়ার ব্যাটসম্যানরা ব্যর্থ হয়েছেন। টেনেটুনে ১৪১ রান তুলেছিল সফরকারীরা। সে রান তাড়া করতে নেমে ৫ ওভার আগেই ম্যাচ শেষ করে দিয়েছে ওয়েস্ট ইন্ডিজ। এই জয়ের ফলে দুই ম্যাচ হাতে রেখেই সিরিজ জিতে নিয়েছে ক্যারিবীয়রা।

ক্রিস গেইলের ছক্কাবৃষ্টি ৩১ বল হাতে রেখেই ৬ উইকেটের জয় এনে দিয়েছে স্বাগতিকদের।

২০১৬ সালের পর থেকে আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে কোনো ফিফটি নেই গেইলের। টি-টোয়েন্টি বিশ্বকাপ চলে এসেছে প্রায়। এমনিতেই ওয়েস্ট ইন্ডিজ দলে প্রিয় ওপেনিংয়ে নামা হচ্ছে না। তাই আর দেরি করা ঠিক হতো না গেইলের জন্য। দীর্ঘদেহী এই খেলোয়ার আজ ঝড় তুলে প্রমাণ

করেছেন তার আরেকটি বিশ্বকাপ খেলা কঠিন নয়।

বহুদিন পর দলে প্রত্যাবর্তনের পর ৯ ইনিংসে ১০২ রান তোলা গেইল আজ মেরেছেন সাতটি ছক্কা। ইনিংসে চারটি চারও ছিল। ইনিংসের ১২তম ওভারেই আউট হয়েছেন। কিন্তু এরমধ্যেই ৩৮ বলে ৬৭ রান তোলা হয়ে গেছে গেইলের। প্রায় পাঁচ বছর পর টি-টোয়েন্টিতে পাওয়া পঞ্চাশ এসেছে ৩৩ বলে।

প্রথম ম্যাচে খুব বাজে বল করা অস্ট্রেলিয়ান পেসার মিচেল স্টার্ক আজ দুর্দান্ত বল করেছেন। ৪ ওভারে মাত্র ১৫ রান দিয়ে ১ উইকেট পেয়েছেন এই ফাস্ট বোলার।

স্টার্ক ছাড়া অন্য সবাইকে পিটিয়ে তামা তামা করে দিয়েছেন গেইল। জশ হ্যাজলউডকে পেয়েই টানা চার বলে ৬, ৪, ৪, ৪ মোট ১৮ রান। এরপর কিছু সময় রয়েসয়ে খেলেন।

নবম ওভারে অ্যাডাম জাম্পাকে ছক্কা মেরে স্বীকৃত টি-টোয়েন্টিতে ১৪ হাজার মাইলফলক পেরিয়েছেন ক্যারীবিয় এই দানব। ওই জাম্পাকেই ১১তম ওভারে টানা তিন ছকা মেরে ফিফটি পেরিয়েছেন। পরের ওভারে রাইলি মেরেডিথকে মেরেছেন আরেক ছক্কা। ওই ওভারেই অবশ্য ফিরে গেছেন গেইল।

ততক্ষণে অবশ্য ম্যাচ শেষ। বাকি ৮ ওভারে ৩৩ রান দরকার ছিল। সেটা ১৭ বলেই তুলে নিয়েছেন নিকোলাস পুরান ও রাসেল।

টো টোয়েন্টি ক্রিকেটে এখন গেইলের মোট রান ১৪ হাজার ৩৮। তার ক্যারিয়ারে রয়েছে ২২টি শতক ও ৮৭টি অর্ধশতক। সর্বোচ্চ ইনিংস অপরাজিত ১৭৫। গড় ৩৭.৫৫ ও স্ট্রাইকরেট ১৪৬.০৬।

স্বীকৃত টি-টোয়েন্টি ক্রিকেটে সর্বোচ্চ রানের তালিকায় গেইলের ধারেকাছে আর কেউ নেই। দ্বিতীয় সর্বোচ্চ ১০ হাজার ৮৩৬ রান করেছেন আরেক ক্যারিবিয়ান ক্রিকেটার। কাইরন পোলার্ড রয়েছেন তালিকার দুই নম্বরে। ১০ হাজার ৭৪১ রান রান করে পোলার্ডের কাঁধে নিঃশ্বাস ফেলছেন পাকিস্তানি ক্রিকেটার শোয়েব মালিক।

১০ হাজার ১৭ রান করে চতুর্থ স্থানে রয়েছেন অস্ট্রেলিয়ার ডেভিড ওয়ার্নার। এই তালিকার পঞ্চম স্থানে আছেন যৌথভাবে বিরাট কোহলি ও ব্রেন্ডন ম্যাককালাম।

দুজনের রান সংখ্যা ৯৯২২। আন্তর্জাতিক টি-টোয়েন্টি ক্রিকেটে ১৪ হাজার রানের মাইলফলক স্পর্শ করেছেন গেইল। এদিন ম্যাচের সেরাও

শ্বাসরুদ্ধকর টাইব্রেকারে ইউরো চ্যাম্পিয়ন ইতালি

শ্বাসরুদ্ধকর টাইব্রেকারেই গড়াল এবারের ইউরোর ফাইনাল। যেখানে পেনাল্টি শুট-আউটে ইংল্যান্ডকে ৩-২ গোলে হারিয়ে ইউরো ২০২০ চ্যাম্পিয়ন হয়েছে ইতালি।

কাঁদল ইংল্যান্ড, ৫৩ বছর পর আবারও ইউরোর শিরোপা পেয়ে হাসল আজ্জুরিরা।

টাইব্রেকারে ইতালির পক্ষে গোল করেন বেরারদি, গোল করেন ইংল্যান্ডের হ্যারি কেন, কিন্তু বেলোত্তির শট ঠেকিয়ে দেন পিকফোর্ড, তবে ইংল্যান্ডের হ্যারি মাগুইর শট ঠেকাতে পারেননি দেন্নারুমা। ফলে স্কোরলাইন হয় ১-২। এরপর গোল করেন ইতালির বোনুচ্চি কিন্তু ইংল্যান্ডের রাশফোর্ডের শট পোস্টে প্রতিহত হয়। স্কোর ফের সমতায় ২-২।

এবার গোল করেন ইতালির বার্নারদেসচি। কিন্ত ইংল্যান্ডের স্যাঞ্চোর শট বাঁচিয়ে দেন দোন্নারুমা। স্কোরলাইন হয় ৩-২।

জোরগিনহোর শট বাঁচিয়ে দেন পিকফোর্ড। কিন্তু তাতে কাজ হয়নি। ইংল্যান্ডের সাকার শটও বাঁচিয়ে দেন দোন্নারুমা। ফলে ৩-২ স্কোরলাইনে জয় পায় ইতালি।

লন্ডনের ওয়েম্বলি স্টেডিয়ামে ইউরো কাপের টান টান উত্তেজনাপূর্ণ ম্যাচে শুরুতেই এগিয়ে যায় ইংল্যান্ড। মাত্র ১ মিনিট ৫৭ সেকেন্ডে গোল করে ইউরোর রেকর্ডবুকে নাম লেখান ইংলিশ ডিফেন্ডার লিউক শ।

ম্যাচের দ্বিতীয় মিনিটে কর্নার কিক পায় ইতালি। কর্নার থেকে ভেসে আসা বল ক্লিয়ার করে কাউন্টার অ্যাটাকে উঠে ইংল্যান্ড।

বক্সের ডান পাশ লম্বা পাস দেন কিয়েরান ট্রিপিয়ার। দৌড়ে এগিয়ে

এসে লিউক শ ডান পায়ের দুর্দান্ত এক শট নেন। মুহূর্তেই বলটি ইতালির জালে জড়িয়ে যায়।

এটি লিউকের প্রথম আন্তর্জাতিক গোল ইউরোর ফাইনালে। গোলটি করে ইউরো কাপের ইতিহাসে সর্বকালীন একটি রেকর্ড গড়লেন। ১ মিনিট ৫৭ সেকেন্ডে করা তার গোলটিই এখন ইউরোর ফাইনাল ম্যাচে করা দ্রুততম গোল।

১৯৬৪ সালে পেরেদা ৬ মিনিটের মাথায় গোল করেছিলেন। তার থেকে অনেক এগিয়ে ৫৭ বছরের অক্ষুণ্ন রেকর্ড নিজের করে নিলেন।

এর পর একের পর এক আক্রমণ করেও ব্যর্থ হতে থাকে ইতালি। ৮ মিনিটের মাথায় ইংল্যান্ডের পোস্টে প্রথম শট নেন ইনসিনিয়ে। যদিও তা লক্ষ্যভ্রষ্ট হয়।

১৭ মিনিটের মাথায় অফসাইড হন ইতালির এমারসন। ইতালির আক্রমণ ভেস্তে যায়।

২৬ মিনিটের মাথায় ইংল্যান্ডের আক্রমণ ভেস্তে যায়। এবার অফসাইড ট্রিপিয়ার। এর ২ মিনিট পর ফের আক্রমণ শানান ইনসিনিয়ে। ইংল্যান্ডের গোলরক্ষকের সেই শট ধরার প্রয়োজন পড়েনি।

৩৫ মিনিটের শট লক্ষ্যভ্রষ্ট হয় কিয়েসার। ৩৯ মিনিটের মাথায় ফের ইতালির বিপক্ষে অফসাইডের বাঁশি। এবারের নাম ইমমোবিল।

প্রথমার্ধের সংযোজিত ৪ মিনিটেও সমতায় ফেরেনি ইতালি। ৪৭ মিনিটে ইংল্যান্ডের পোস্ট বরবার দুর্দান্ত শট নেন ইতালির ভেরাত্তি। বলা যেতে বিরতির আগ মুহূর্তে এটাই বলার মতো প্রথম শট যা লক্ষ্য বরাবর গেল। তবে সেই শট প্রতিহত করেন ইংলিশ গোলরক্ষক পিকফোর্ড।

প্রথমার্ধের খেলা শেষে লিউক শ’র গোলে ১-০ গোলে এগিয়ে বিরতিতে যায় ইংল্যান্ড।

দ্বিতীয়ার্ধে শুরু থেকেই রক্ষণাত্মক হয়ে যায় ইংলিশরা।

যে কারণ দূর্ভেদ্য দেয়াল ভেদ করতে যারপরনাই কষ্ট হয় ইতালির। অবশেষে সফলতা আসে। ৬৭ মিনিটে ইতালিকে সমতায় ফেরান বোনুচ্চি।

এর আগে দ্বিতীয়ার্ধের শুরুতেই হ্যারি কেনকে ফাউল করে হলুদ কার্ড দেখেন ইতালির বারেল্লা।

বার্নারদেসচি। ৯৬ মিনিটে উঠে যান ভেরাত্তি, নামেন লেকাতেল্লি। ৯৭ মিনিটের মাথায় ফিলিপসের শট লক্ষ্যভ্রষ্ট হয়।

১০১ মিনিটের মাথায় অফসাইডের আওতায় পড়েন বেলোত্তি। ১০৬ মিনিটে বেলোত্তিকে ফাউল করে হলুদ কার্ড দেখেন হ্যারি মাগুইর।

অতিরিক্ত সময়ের খেলা শেষেও স্কোরলাইন ১-১ গোলের সমতায় দাঁড়িয়ে। ফলাফল নির্ধারিত হয় পেনাল্টি শুট-আউটে।